মুজিবনগরে তামাক নিয়ন্ত্রণ আইন বিষয়ক প্রশিক্ষণ

তামাক কোম্পানির হস্তক্ষেপ প্রতিহত করি শিশুদের সুরক্ষা নিশ্চিত করি এই প্রতিপাদ্যে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে উপজেলা টাস্কফোর্স কমিটির সদস্য ও কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তামাক নিয়ন্ত্রণ আইন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ১০ টার সময় মুজিবনগর উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল এর সহযোগিতায় এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের সভাপতিত্বে তামাক নিয়ন্ত্রণ আইন বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচিতে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, উপজেলা সহকারী কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন, উপজেলা কৃষি কর্মকর্তা আব্দুল মোমিন, মুজিবনগর অফিসার ইনচার্জ (তদন্ত) আমিনুল ইসলাম, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর আবাসিক মেডিকেল অফিসার ডা: মেহেদী হাসান, উপজেলা ভাইস চেয়ারম্যান জাহিদ হাসান রাজিব, মহিলা ভাইস চেয়ারম্যান তকলিমা খাতুন।

এছাড়াও বাগোয়ান ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান বাবুল মল্লিক, ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স এর প্রতিনিধি, বিজিবি প্রতিনিধি, সরকারি কর্মকর্তা এবং মুজিবনগর উপজেলা সাংবাদিক বৃন্দ।

মেহেরপুরে এলজিএসপি ৩ প্রকল্পের অর্জন বিষয়ক

অবহিতকরণ কর্মশালা

মেহেরপুরে লোকাল গভর্ন্যান্স প্রজেক্ট ৩ (এলজিএসপি) ও অর্জন অবহিতকরণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে স্থানীয় সরকারের উপপরিচালক মৃধা মো: মুজাহিদুল ইসলামের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য দেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা. জওয়াহেরুল আনাম সিদ্দিকী। মূল প্রতিপাদ্য উপস্থাপন করেন এলজিএসপি প্রকল্পের ডিস্ট্রিক্ট ফ্যাসিলেটর সোহরাব হোসেন।

বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাকের যৌথ বরাদ্দে ২০১৭ সালের জানুৃযারি এ প্রকল্প শুরু হয় সারাদেশের সকল ইউনিয়ন পরিষদে। প্রকল্পটি শেষ হবে চলতি বছরের ডিসেম্বরে।

কর্মশালায় বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, এনজিও কর্মকর্তা, শিক্ষক প্রতিনিধি, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, বিভিন্ন গণমাধ্যমে কর্মরত সাংবাদিক, ব্যবসায়ী প্রতিনিধিরা অংশ নেন।

স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কার্যক্রমের স্বচ্ছতা, জবাবদিহিতা ও বরাদ্দের সুষম বন্টন নিশ্চিতকরণে ভবিষ্যৎ করণীয় নির্ধারণ ও সুপারিশসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়।